দামুড়হুদার নতিপোতায় সার ব্যবসায়ীর ৩০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নের নতিপোতা মোড়ে অবস্থিত আলিম ট্রেডার্সের মালিক আব্দুল আলিমকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ৩০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার বেলা ১টা ২৫ মিনিটের দিকে পরিচালিত এ অভিযানে ভাউচার সংরক্ষণ না করার বিষয়টি প্রমাণিত হওয়ায় তাকে এ জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে এইচ তাসফিকুর রহমান। ব্যবসায়ী আব্দুল আলিম নতিপোতা গ্রামের মোকিম মণ্ডলের ছেলে এবং স্থানীয়ভাবে সার ব্যবসায়ী হিসেবে পরিচিত।

জানা গেছে, সার ক্রয়-বিক্রয়ের কোনো ভাউচার সংরক্ষণ না রাখা এবং কৃষক ও সাধারণ মানুষের কাছে ক্রয়-বিক্রয়ের সঠিক তথ্য প্রদানে ব্যর্থতার কারণে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯-এর ৫৩ ধারা মোতাবেক তাকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে প্রসিকিউটরের দায়িত্ব পালন করেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার। ভ্রাম্যমাণ আদালতের রায় প্রদান করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে এইচ তাসফিকুর রহমান।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়, সার বিক্রয়ে শৃঙ্খলা নিশ্চিত করতে এবং কৃষকদের স্বার্থ রক্ষায় নিয়মিতভাবে এ ধরনের অভিযান পরিচালনা করা হবে। ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি চৌকস টিম।